গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.
সময় : বেলা ১২:৩০ টায়
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (সকল), জেলা কার্যালয়েরসমূহের উপপরিচালক (সকল) এবং ৮ বিভাগের ০৮ জন কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে শুদ্ধাচার বিষয়ক একটি প্রতিবেদন উপস্থাপন করেন এবং পরবর্তীতে আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর কার্যক্রম '১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা' অনুযায়ী অদ্যকার এ সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পাশাপাশি যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (সকল), জেলা কার্যালয়েরসমূহের উপপরিচালক (সকল) এবং ৮ বিভাগের ০৮ জন কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত করণীয় বিষয়ে তাঁদের মতামত উপস্থাপন করেন। সভায় মতামত প্রদানের সুযোগ দেয়ায় যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (সকল), জেলা কার্যালয়েরসমূহের উপপরিচালক (সকল) এবং ৮ বিভাগের ০৮ জন কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটরগণ সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) যুব উন্নয়ন অধিদপ্তরের সকল ট্রেডের প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের বিষয়ে প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে;

চলমান পাতা/০২

খ) সকল ট্রেডের প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাইকরণে এবং প্রশিক্ষণ, অনুশীলন, প্রতিযোগিতা আয়োজনে অর্থ ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে;

গ) প্রশিক্ষণ শেষে যুব উদ্যোক্তা/যুবদের স্বাবলম্বী হতে ঋণ প্রদানে সহযোগিতা এবং ঋণের সিলিং (নীতিমালা অনুযায়ী) বৃদ্ধি করতে হবে; এবং

ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ বাস্তবায়নে গৃহীত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;

০৫। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
ড. মহিউদ্দীন আহমদে
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৪.৮৬

তারিখ : ০৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা (অ.দা) মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা)
২। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা;
৫। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা;
৬। যুগ্মসচিব, (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৭। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;
৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা;
৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১০। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা;
১১। উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;

২৩/৯/২৪

কাজী মোশতাক জহির
যুগ্মসচিব
ফোন: ০২-৯৫৭৫৫০৬
ই-মেইল: kmz66@yahoo.com